দৈনিক সংবাদ

তারিখ 09 FEB 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

73

# বুয়েটে অচলাবস্থার নিরসন ঃ ছাত্র ধর্মঘট প্রত্যাহার

।। বুয়েট সংবাদদাতা ।।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার নিরসন হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে ছাত্র নেতৃবৃন্দের আলাপ আলোচনা ও সমঝোতার প্রেক্ষিতে ছাত্র ধর্মঘট প্রত্যাহার করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে সর্বদলীয় ছাত্রঐক্য ও ইউকসুর আহ্বানে গত ৫ই জানুয়ারি থেকে বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট চলছিল।

বুয়েট ঃ পৃঃ ১০ কঃ ৬

## বুয়েট ঃ ধর্মঘট প্রত্যাহার

( ১ম পৃষ্ঠার পর )

গত সোমবার ইউকসু ও সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দের সাথে বিশ্ব-বিদ্যালয়ের ছাত্রকল্যাণ পরিচালক, কিছু সিনিয়র শিক্ষক ও বিভিন্ন হলের প্রভোস্টদের এক যৌথ সভায় ছাত্র নেতৃবৃন্দ ছাত্রছাত্রীদের বিভিন্ন দাবি পূরণের প্রেক্ষিতে উপাচার্যের পদত্যাগের দাবি থেকে সরে আসে। কর্তৃপক্ষের দেয়া প্রতিশ্রুতির ভিত্তিতে ইতিমধ্যে গতকাল মঙ্গলবার কারিগরি বৃত্তি ২শ' টাকা করার নোটিশ প্রদান করা হয়েছে। গত শিক্ষাবর্ষে এর পরিমাণ ছিল ১শ' টাকা। নোটিশে আরো বলা হয়, কারিগরি ও বোর্ড বৃত্তি একই সাথে প্রদান ও কারিগরি বৃত্তি আরো বাড়ানো যায় কিনা তা বিবেচনা করা হচ্ছে। মার্কসিট, ট্রান্সক্রিপ্ট ও প্রভিশনাল সার্টিফিকেট ফি অর্ধেক করার ভিন্ন একটি নোটিশ প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী থেকে ৭২ ঘন্টার মধ্যে ফটোকপি প্রদানের ব্যবস্থা গ্রহণের ঘোষণা দেয়া হয়েছে। এছাড়াও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রদের আরো কয়েকটি দাবি মেনে নেয়।

সভায় উপস্থিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষক, যেসব কারণে ছাত্রছাত্রীরা উপাচার্যের পদত্যাগ দাবি করেছে তা যুক্তিসঙ্গতভাবে দূর করার প্রতিশ্রুতি প্রদান করেন।

গতকাল মঙ্গলবার থেকেই বিভিন্ন বিভাগে ক্লাস শুরু হয়েছে। তবে দীর্ঘ ধর্মঘটের কারণে অনেক ছাত্রছাত্রী ঢাকার বাইরে অবস্থান করছে। প্রথম ও দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীরা এখনও ক্লাস শুরু করেনি।